ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫১৯

আগরতলা,৩ মে,২০২৫

# তথ্য ও সংস্কৃতি দপ্তরের বার্ষিক সাংস্কৃতিক ক্যালেন্ডারে ১৯টি নতুন সাংস্কৃতিক কর্মকান্ড যুক্ত

রাজ্যের ঐতিহ্যবাহী মিশ্র সংস্কৃতির বিকাশে তথ্য ও সংস্কৃতি দপ্তর সারা বছর ব্যাপী বিভিন্ন জেলা ও মহকুমায় নানা অনুষ্ঠানের আয়োজন করে থাকে। প্রতি অর্থবছরের ন্যায় ২০২৫-২৬-এর জন্যও এই ক্যালেন্ডার প্রকাশিত হয়েছে। লোক সংস্কৃতির বিকাশ, সামাজিক, ধর্মীয় পর্যটনকে ভিত্তি করে বিভিন্ন মেলা ও উৎসব, মনীষী ব্যক্তিত্বদের স্মরণে বিভিন্ন অনুষ্ঠানের পাশাপাশি এই ক্যালেন্ডারে সাংস্কৃতিক কর্মশালা, আন্তঃরাজ্য সাংস্কৃতিক বিনিময়, বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনকে সহায়তার বিষয়ও রাখা হয়েছে। রাজ্যের বিভিন্ন জনগোষ্ঠীর সাংস্কৃতিক বিকাশের ধারাকে অব্যাহত রাখতে এ বছরে আরও ১৯টি বিভিন্ন নতুন সাংস্কৃতিক কর্মকান্ড সংযুক্ত করা হয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য হলো কাঞ্চনপুরে বিউ পরব, উদয়পুরে জাগরণী উৎসব, সাব্রুমে দৈত্যেশ্বরী মেলা, কুমারঘাটে পাওল কাট, বিশালগড়ে সৃজন উৎসব, কমলপুরে বিশ্বরূপ উৎসব, চড়িলামে সংহতি উৎসব, কল্যাণপুরে শ্রীকণ্ঠ সাংস্কৃতিক উৎসব, লংতরাইভ্যালি মহকুমার বাবা লংতরাই মেলা। এছাড়াও চা উৎসব, কালাপানিয়া উৎসব, ফাগুয়া উৎসব, কীর্তন উৎসবও রয়েছে। এবছর থেকে প্রথমবারের মতো বিদ্যালয়ের গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষ্যে ভীষ্মদেব শিশু নাটক প্রতিযোগিতা সারা রাজ্যে আয়োজন করা হবে।

*****